

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



NYC পাবলিক স্কুলস্-এর সাথে সংশ্লিষ্ট হওয়ার জন্য রিসোর্সসমূহ

প্রিয় নিউ ইয়র্কবাসীবৃন্দ,

এই মে মাসে, চ্যান্সেলর হিসেবে আমার সময়কালে আমি একটি বিশেষ মাইলফলক প্রতিষ্ঠা করবো: 36-টি [কমিউনিটি অ্যান্ড সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল \(CEC\)](#) -এর সবগুলোর টাউন হল মিটিং-এ আমার অংশগ্রহণ করা হবে। পুরো কমিউনিটির জন্য উন্মুক্ত এই মিটিংগুলো, বিগত দুই বছরের বেশি সময় ধরে আমার জন্য একটি উল্লেখযোগ্য বিষয় হয়ে রয়েছে। আমি শিক্ষার্থীদের অসাধারণ পরিবেশনা দেখেছি, পিতামাতা ও কর্মীদের সুচিন্তিত প্রশ্নাবলীর জবাব দিয়েছি, এবং [NYC রিডস্](#)-এর মতো গুরুত্বপূর্ণ উদ্যোগগুলো সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করেছি।

আপনার ডিস্ট্রিক্টে কী হচ্ছে সেবিষয়ে আরো জানার জন্য CEC মিটিংগুলো একটি চমৎকার উপায়, কিন্তু সেগুলোই একমাত্র উপায় নয়। এই সপ্তাহের PS + You-তে, আমাদের সিটির স্কুলগুলোর সাথে সংশ্লিষ্ট হওয়ার জন্য আমি কিছু বাড়তি সংস্থান শেয়ার করতে চাই:

- [দ্যা মর্নিং বেল](#) হলো আমাদের NYC পাবলিক স্কুলস্-এর (NYCPS) ওয়েবসাইটে একটি নতুন ব্লগ, যা আপনার সন্তানের শিক্ষা যাত্রায় সহায়তা করতে বিভিন্ন তথ্য-সংস্থান প্রদানের পাশাপাশি, আমাদের স্কুলগুলোতে বর্তমানে যা যা হচ্ছে সে বিষয়ে গুরুত্বপূর্ণ তথ্য ও কাহিনী তুলে ধরার মাধ্যমে প্রতি সপ্তাহে হালনাগাদ করা হয়। প্রতি মাসে, আপনি সকল গ্রেডের জন্য বইয়ের সুপারিশ, আগামী মাসের গুরুত্বপূর্ণ তারিখ ও শেষ সময়সীমাগুলোর উপর একটি পূর্ব-ধারণা বা প্রিভিউ, এবং শিক্ষার্থীর জন্য বিভিন্ন সুযোগের একটি বিশদ তালিকা খুঁজে পাবেন। এছাড়াও মর্নিং বেল আমাদের স্কুল, স্টাফ সদস্য, এবং শিক্ষার্থীদের উপর বিভিন্ন গল্প ও প্রোফাইল (পরিচিতি) দিয়ে আপনাকে ক্লাসরুমের অভ্যন্তরে নিয়ে যায়, যা আপনি অন্য কোথাও খুঁজে পাবেন না।
- [প্যারেন্ট ইউনিভার্সিটি](#), অথবা প্যারেন্ট U, হলো একটি অনলাইন কোর্স ম্যানেজমেন্ট (ব্যবস্থাপনা) প্ল্যাটফর্ম এবং রিসোর্স সিস্টেম যেখানে নিউ ইয়র্ক সিটির পরিবারেরা কলেজের জন্য প্রস্তুতি থেকে শুরু করে স্পেশাল এডুকেশন এবং মানসিক স্বাস্থ্য পর্যন্ত বিবিধ বিষয়ে বিনামূল্যে প্রশিক্ষণ গ্রহণের জন্য রেজিস্টার করতে পারেন। শিক্ষা-উপকরণ চাহিদা-ভিত্তিক, প্রতিদিন 24 ঘন্টাই লভ্য, যেন পরিবারদের যখন ইচ্ছা অংশগ্রহণ করার নমনীয়তা থাকে। আপনি দেখতে ইচ্ছুক এমন একটি কোর্স যদি প্যারেন্ট U-তে খুঁজে না পান, তবে আমরা আপনাকে ParentU@schools.nyc.gov ইমেইল ঠিকানায় আপনার সুপারিশসমূহ পাঠাতে উৎসাহিত করছি।
- পরিশেষে, অবগত থাকার জন্য আমাদের সোশ্যাল মিডিয়া (সামাজিক যোগাযোগ মাধ্যম) পেজগুলো আরেকটি চমৎকার উপায়। NYCPS-এর সর্বসাম্প্রতিক খবরাখবরের জন্য, আমাদেরকে [ইনস্টাগ্রাম](#), [ফেসবুক](#), এবং [X](#)-এ অনুসরণ করুন।

এছাড়াও, সংশ্লিষ্ট হওয়ার থিম বা প্রতিপাদ্যে, যেসব পিতামাতা এবং পরিবারের স্বেচ্ছাসেবক আমাদের স্কুলগুলোকে প্রতিদিন সহায়তা করেন, আমি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। 21-27 এপ্রিল হচ্ছে ন্যাশনাল ভলান্টিয়ার উইক (জাতীয় স্বেচ্ছাসেবক সপ্তাহ), অতএব আমরা যখন স্প্রিং ব্রেক (বসন্তকালীন ছুটি) শেষে ফিরে আসবো, তখন আপনার স্কুলে সেচ্ছাসেবী হিসেবে যারা সাহায্যের হাত বাড়িয়ে দেন, তাদেরকে ধন্যবাদ দিতে ভুলবেন না।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যানেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।